

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৯৬

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৩) হাদীছ শোনা, পৌঁছিয়ে দেয়া ও তা লিখার প্রতি উদ্বুদ্ধকরণ এবং রাসুলুল্লাহ (সাঃ)এর প্রতি মিথ্যারোপ করার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترغيب في سماع الحديث وتبليغه ونسخه والترهيب من الكذب على رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

(صحيح) وَعَنْ المغيرة قالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ كَذَبًا عَلَيَّ لَيْسَ كَكَذِبٍ عَلَى أَحَدٍ فَمَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا فَلْيَتَبَوَّأُ مَقْعَدَهُ مِنْ النَّارِ. رواه مسلم وغيره

বাংলা

৯৬. (সহীহ) মুগীরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি শুনেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

"নিঃসন্দেহে আমার প্রতি মিথ্যারোপ করা অন্য কারো প্রতি মিথ্যারোপ করার মত নয়। কেননা যে ব্যাক্তি ইচ্ছাকৃতভাবে আমার উপর মিথ্যারোপ করবে, সে তার বাসস্থান জাহান্নামে নির্ধারণ করে নিবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ৪ প্রমুখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন